



বাংলাদেশ জুট মিলস কর্পোরেশন  
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা  
প্রসিডিং বিভাগ।

স্মারক নং ২৪.০৪.০০০০.২০৭.০৯.১২৫.২৬-৩৯

তারিখঃ ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৬ এপ্রিল ২০২৬ খ্রি:

বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ জুট মিলস লিঃ, ঘোড়াশাল নরসিংদী এর ব্যবস্থাপক (হিসাব ও অর্থ), মোঃ ইমরাত হোসেন এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর প্রসি/বিঃমাঃ ১২৫ (বাংলাদেশ)/২৬ এর বাংলাদেশ জুট মিলস কর্পোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৪৩(৬) এর বিধানমতে,

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু আপনি জনাব মোঃ ইমরাত হোসেন, ব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বাংলাদেশ জুট মিলস লিঃ, ঘোড়াশাল নরসিংদী এর বিরুদ্ধে উচ্চতর গ্রেড প্রদানের জন্য মিলের মেডিকেল বিভাগের ডেসার জনাব পূর্ণিমা ভৌমিক এর নিকট হতে উৎকোচ গ্রহণে তৎকালীন প্রকল্প প্রধান জনাব মতিউর রহমান মন্ডল, প্রাক্তন উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) কে সহযোগিতা করা; এছাড়াও অনিয়মতান্ত্রিকভাবে কল্যাণ তহবিল থেকে অনুদান/ঋন প্রদান, প্রয়োজন না থাকা সত্ত্বেও আর্থিক নিয়ম না মেনে মসজিদের পাম্প ক্রয় করা এবং তৎকালীন প্রকল্প প্রধানকে আত্মসাৎ ও বিভিন্ন অপকর্ম করতে সহযোগিতা করার দায়ে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, আত্মসাৎ ও তহবিল তসরুপের অভিযোগে গত ১৭/১২/২০২৫ তারিখে প্রসি/বিঃমাঃ ১২৫(বাংলাদেশ)/২৫ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা জারী করা হয়; এবং

২। যেহেতু, আপনি গত ১৮/০১/২০২৬ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন। গত ২৬/০১/২০২৬ তারিখ শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে আপনি আপনার পক্ষ সমর্থনে সাক্ষি ও সাক্ষ্য উপস্থাপনের সুযোগসহ তদন্ত কমিটির প্রতিবেদনে উল্লিখিত অসম্পূর্ণতা পূরণের লক্ষ্যে পুনরায় (Fresh) তদন্তের অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে আপনার অভিযোগের বিষয়ে প্রকৃত ঘটনা উদ্ঘাটনের লক্ষ্যে সরেজমিনে তদন্ত করার জন্য মহাব্যবস্থাপক(বিপণন), বিজেএমসি, ঢাকাকে আহবায়ক করে ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটি গত ২৫/০৩/২০২৬ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে।

৩। যেহেতু, অভিযোগনামা, তদন্ত প্রতিবেদন, যাবতীয় আনুষঙ্গিক কাগজপত্র ও তথ্যাদি এবং নথি পর্যালোচনায় কর্তৃপক্ষের নিকট আপনার কর্তৃক সংঘটিত কর্মকান্ডের শাস্তি গুরুত্বের হিসেবে বিবেচিত হওয়ায় বাংলাদেশ পাটকল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৪০(১)(আ) অনুযায়ী গুরুত্ব প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

৪। সেহেতু, এক্ষণে আপনাকে বাংলাদেশ পাটকল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৪০(১)(আ) অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, আত্মসাৎ ও তহবিল তসরুপের দায়ে কেন আপনাকে “গুরুত্ব” প্রদান করা হবে না তার জবাব এ পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত কমিটি কর্তৃক ২৫/০৩/২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদনের ফটোকপি আপনার জ্ঞাতার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ দাখিলকৃত প্রতিবেদন।

  
০১/০৪/২০২৬

(মোঃ মামনুর রশিদ)  
মুখ্য পরিচালন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

জনাব মোঃ ইমরাত হোসেন  
ব্যবস্থাপক (হিসাব ও অর্থ)  
বাংলাদেশ জুট মিলস লিঃ  
ঘোড়াশাল নরসিংদী।

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

[২য় পৃষ্ঠা]

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)। [ই-মেইল যোগে]

- ০১। মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)/(হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা [সংস্কার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৩। প্রকল্প প্রধান, বাংলাদেশ জুট মিলস লিঃ, নরসিংদী।
- ০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ০৫। অফিস কপি/মাষ্টার ফাইল।

০২/০৪/২২